দৈনিক ইনকিলাব
তারিখ 23 NOV 1992
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭ ...

# রাকসু নির্বাচন কেন্দ্র করে ক্যাম্পাস আবার উত্তপ্ত

॥ রাঃ বিঃ রিপোর্টার ॥

২২ নভেম্বর।— ২ ডিসেম্বর অনুষ্ঠিতব্য রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ রাকসু নির্বাচনকে ঘিরে ক্যাম্পাস আবার উত্তপ্ত হয়ে উঠেছে। আন্তঃকলহ ও পদ বন্টনকে কেন্দ্র করে গতকাল মনোনয়নপত্র জমাদানের শেষ দিনে বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে একাধিক প্যানেল জমা দেয়া হয়েছে।

ফলে, রাকসু নির্বাচনে অনিশ্চয়তা ও সংঘর্ষের আশংকা ক্রমশ দানা বেঁধে উঠছে।

জোটভুক্ত সংগঠনগুলো পৃথক পৃথকভাবে প্যানেল জমা দিয়েছে। ঐক্যজোট সূত্রে জানানো হয়েছে যে, তারা ছাত্র লীগ (ম-ই)সহ বৃহৎ ঐক্যের আপ্রাণ চেষ্টা চালিয়ে

১ শেষ পৃঃ ৩-এর কঃ দেখুন

## রাকসু নির্বাচন

প্রথম পৃষ্ঠার পর

যাচ্ছে।

অন্যতম বৃহৎ সংগঠন ছাত্র দলের আভ্যন্তরীণ কোন্দলে খেসারত হিসাবে তারা ৩টি প্যানেল জমা দিয়েছে। হল এবং সিনেটেও একই অবস্থা। এদের কোন্দল এতই চরম পর্যায়ে পৌঁছেছে যে, তা যে কোন সময় রক্তক্ষয়ী সংঘর্ষে পরিণত হতে পারে। তবে প্রায় প্রতিটি প্রার্থীই একাধিক পদে মনোনয়নপত্র জমা দিয়েছে। ছাত্র দলের সাধারণ কর্মী ও সমর্থকরা হতাশ ও ক্ষুব্ধ। তাদের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে, কেন্দ্রীয় নেতাদের গ্রুপিং-এর সাথে সংশ্লিষ্ট হওয়ায় পূর্বেই অন্তঃদ্বন্দ্ব মীমাংসার চেষ্টা করা হয়নি। বিশ্বস্ত সূত্রে জানা গেছে, আজ রাতে কেন্দ্রীয় হাইকমাণ্ডের সভায় ছাত্র দলের একটি প্যানেল চূড়ান্ত করার চেষ্টা করা হবে।

রাকসু নির্বাচনে ছাত্র শিবির সবচেয়ে সুবিধাজনক অবস্থায় রয়েছে। মতিউর রহমান আকন্দকে ভিপি এবং আজিজুর রহমান সরকারকে জিএস করে তারা মনোনয়নপত্র জমা দিয়েছে।

উল্লেখ্য, এবারের নির্বাচনে রেকর্ড সংখ্যক প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছে। রাকসুর ১৮টি পদের জন্য ৪শ' ১৩ জন হল সংসদের ১৫১টি পদের জন্য প্রায় ১ হাজার ২শ' এবং সিনেটে ৫ জন ছাত্র প্রতিনিধি পদে ৯শ' জন প্রার্থী মনোনায়নপত্র জমা দিয়েছে। জাপা সমর্থিত সংগ্রামী ছাত্র সমাজ এবার প্রথমবারের মত রাকসুতে প্যানেল জমা দিয়েছে।

আগামীকাল দুপুর ২টায় মনোনয়নপত্র প্রত্যাহার, ৩টায় চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করা হবে।